

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যোগন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ ভ্যাট বিভাগ ]

আদেশ

তারিখ : ২৯ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ/১৩ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : Integrated VAT Administration System (IVAS) হতে প্রেরিত কর পরিশোধ সংক্রান্ত Electronic Notification কে ট্রেজারি চালানের বিকল্প হিসেবে বিবেচনা প্রসঙ্গে।

নং ১৩/মসক/২০২০—ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের প্রত্যয়ে এবং ব্যবসা-বান্ধব ও করদাতা-বান্ধব ব্যবসার পরিবেশ সৃষ্টির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড প্রতিনিয়ত স্বয়ংক্রিয় এবং অনলাইনভিত্তিক কর ব্যবস্থা প্রবর্তনের জন্য কাজ করছে। তারই ধারাবাহিকতায় সম্মানিত করদাতাগণ কর্তৃক অনলাইনে কর পরিশোধ করার সুবিধার্থে ভ্যাট অনলাইন প্রকল্প হতে ইতোমধ্যেই Integrated VAT Administration System (IVAS) এর মাধ্যমে e-payment ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। এ স্বয়ংক্রিয় ব্যবস্থার ফলে করদাতাগণকে ব্যাংকে উপস্থিত হয়ে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে অর্থ জমা প্রদান করতে হবে না বরং দ্রুততম সময়ের মধ্যে করদাতাগণ যে কোন স্থান হতে অনলাইনে কর পরিশোধ করতে পারবেন। এতে করদাতাগণের সময় ও ব্যয় উভয়ই সাক্ষয় হবে।

০২। বর্ণিতাবস্থায়, e-payment কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে IVAS সিস্টেম হতে করদাতার অনুকূলে প্রেরিত কর পরিশোধ সংক্রান্ত ইলেক্ট্রনিক নোটিফিকেশনে উল্লিখিত চালান নং,

( ৭৩৯৫ )

মূল্য : টাকা ৪.০০

তারিখ, কমিশনারেটের কোড এবং জমাকৃত অর্থের পরিমাণ হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের অনলাইন সিস্টেম হতে যাচাইপূর্বক সঠিক পাওয়া গেলে সেক্ষেত্রে তা ট্রেজারি চালানের বিকল্প হিসেবে গ্রহণ করার অনুমোদন প্রদান করা হলো।

০৩। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী রেজাউল হাসান  
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।